



## Home Office

পুলিশের নিকট নারী খণ্ডনার (এফজিএম) কোন কেস কে রিপোর্ট করার জন্য স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবার পেশাজীবীদের এবং শিক্ষকদের দায়িত্বপ্রাপ্ত বলে গণ্য করা হয়েছে।

### এই দায়িত্বটা কি?

2015 সালের অক্টোবর মাসের 31 তারিখে একটি দায়িত্ব প্রবর্তিত করা হয়েছিল যার প্রয়োজন অনুযায়ী স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবার পেশাজীবীদের জন্য 18 থেকে কম বয়সী মেয়েদের যে কোন 'জ্ঞাত' এফজিএমের কেস কে পুলিশের নিকট রিপোর্ট করাটা অপরিহার্য হয়ে গেছে।

উদাহরণস্বরূপ, যদি কোন ডাক্তার দেখতে পান যে 18 চেয়ে কম বয়সী কোন মেয়ের এফজিএম করা হয়েছে তাহলে তাকে সে কথা অবশ্যই পুলিশের নিকট রিপোর্ট করতে হবে। কিংবা, যদি কোন মেয়ে তার শিক্ষক কে অবহিত করে যে তার এফজিএম করা হয়েছে, তাহলে সেই শিক্ষক কে এ কথা অবশ্যই পুলিশের নিকট রিপোর্ট করতে হবে।

### পুলিশের নিকট এই কেস কে রিপোর্ট করার পর কি হবে?

এফজিএম একটি গুরুতর অপরাধ এবং পুলিশ কে প্রত্যেক রিপোর্ট করা কেস কে উপযুক্তভাবে তদন্ত করে দেখতে হবে।

পুলিশ সামাজিক পরিষেবার পেশাজীবীদের সাথে কাজ করে নিশ্চিত করবে যে মেয়েটি সুরক্ষিত রয়েছে এবং তার প্রয়োজনগুলো কে সর্বপ্রথম স্থান দেয়া হয়েছে।

### এটা কে কেন প্রবর্তিত করা হচ্ছে?

কোন মেয়ের এফজিএম করার মানে হল যে একটি গুরুতর অপরাধ ঘটেছে তাই এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যথাসম্ভব তাড়াতাড়ি পুলিশ কে তাতে জড়িত করা হয়। এটা নিশ্চিত করবে যে একটি সঠিক তদন্ত সম্পন্ন করা যেতে পারে।

এই দায়িত্বের উদ্দেশ্য হল নিশ্চিত করা যে পেশাজীবীদের মধ্যে সেই আত্ম বিশ্বাস থাকে যে তারা কোন ভয় ছাড়া এফজিএমের মোকাবিলা করতে পারেন এবং সেই সঙ্গে এর মাধ্যমে পুলিশের নিকট রিপোর্ট করার কেসের সংখ্যার ও বর্ধন করা যেতে পারে যাতে কেসগুলো কে উপযুক্ত এবং সঠিক ভাবে তদন্ত করা হয়।

### এই দায়িত্ব কি করবে না

এটার মানে এ না যে পুলিশ উপযুক্তভাবে সামাজিক পরিষেবার পেশাজীবীদের সাথে এবং প্রাসঙ্গিক অন্যান্য সকল পেশাজীবীদের সাথে পরামর্শ ও আলোচনা না করে কোন পদক্ষেপ নেবে।

এর অনুযায়ী পেশাজীবীদের উপর এমন কোন কেস রিপোর্ট করার প্রয়োজন হবে না যেখানে তারা সন্দেহ করেন যে হয়তো এফজিএম করা হয়েছে বা তারা মনে করেন যে কোন মেয়ের কোন ক্ষতি থেকে থাকতে পারে। এই দায়িত্বটি 18 বা তার চেয়ে বেশি বয়সী মহিলাদের উপর প্রযোজ্য নয়। এমন সকল কেসে পেশাজীবীরা আগে থেকে বিদ্যমান সুরক্ষিত রাখার পদ্ধতিগুলোর অনুসরণ করবেন।

### সংক্ষিপ্তসার এফজিএম'এর\* আবশ্যিক রিপোর্টিং

এই দায়িত্বটি, ইংল্যান্ড এবং ওয়েল্‌সের সকল নিয়ন্ত্রিত স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবার পেশাজীবীদের এবং শিক্ষকদের উপর প্রযোজ্য।

এই প্রদান করা দায়িত্বের প্রয়োজন অনুযায়ী যদি পেশাজীবীদের পেশা সম্পর্কিত দায়িত্বপূরণের সময় তারা নিম্নলিখিতের মতন কিছু দেখতে পান তাহলে তাদের অবশ্যই পুলিশের নিকট সেই বিষয়টিকে রিপোর্ট করতে হবে:

- 18 চেয়ে কম বয়সী মেয়ের দ্বারা অবহিত করা হয় যে তার উপর এফজিএম করা হয়েছে; অথবা
- তারা এমন সকল শারীরিক চিহ্ন দেখতে পান যার ভিত্তি তে মনে হয় যে 18 চেয়ে কম বয়সী মেয়ের উপর এফজিএম ক্রিয়া করা হয়েছে এবং বিশ্বাস করার কোন কারণ নেই যে এই ক্রিয়াটি সেই মেয়ের শারীরিক বা মানসিক স্বাস্থ্য অথবা প্রসব বা জন্ম সংক্রান্ত কোন উদ্দেশ্যের জন্য প্রয়োজনীয় ছিল।

\*যেমন সিরিআস ক্রাইম অ্যাক্ট (গুরুতর অপরাধ আইন) 2015'এর দফা 74 দ্বারা স্থাপিত করা হয়েছে তেমন করে এটা কে এফজিএম অ্যাক্ট 2003 এর দফা 5বি তে প্রবর্তিত করা হয়েছে।